

The Daily Star

রায়পুরে নারীদের আইটি প্রশিক্ষণ সমাপ্ত

■ সমকাল প্রতিবেদক

সরকারের লার্নিং অ্যান্ড আর্নিং ডেভেলপমেন্ট প্রকল্পের অধীনে লক্ষীপুরের রায়পুর উপজেলার ৩ ও ৪ নং ইউনিয়নে নারীদের জন্য বেসিক আইসিটি লিটারেসি প্রশিক্ষণের ১৫ দিনের কর্মসূচির সমাপ্ত করা হয়েছে। বুধবার দুপুরে রায়পুর মহিলা কলেজে প্রশিক্ষণ প্রাপ্তদের হাতে সনদপত্র তুলে দেওয়া হয়। দুটি ইউনিয়ন থেকে ২০ জন করে নারীকে তথা-প্রযুক্তিতে সম্পৃক্ত করে অর্থনৈতিকভাবে স্বাবলম্বী করার এ প্রশিক্ষণের আয়োজন করা হয়।

রায়পুর মহিলা কলেজের অধ্যক্ষ হেলাল উদ্দিনের সভাপতিত্বে ইউএনও শারমিন আলম, ভার্সুয়াল ডিজিটাল টেকনোলোজিস লিমিটেডের চেয়ারম্যান সাজ্জাদ সাকিব বাদশা, রেডিসন ডিজিটাল টেকনোলোজিস লিমিটেডের চেয়ারম্যান দেলোয়ার হোসেন ফারুক, উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা মিজানুর রহমান ভূঁইয়া, ভার্সুয়াল ডিজিটাল টেকনোলোজিস লিমিটেডের পরিচালক মাসুদ মিয়া ও উপজেলা ছাত্রলীগের সভাপতি মারুফ বিন জাকারিয়া উপস্থিত ছিলেন। ডাক-টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়ের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের অধীনে নারীদের বেসিক আইটি ও আইসিটি লিটারেসি প্রশিক্ষণের আয়োজন করা হয়েছে।